দৈনিক ইত্তেফাক

তারিখ 18 MAR 2016
পৃষ্ঠা ৮ কলাম ২

# এমপিওভুক্ত শিক্ষকদের ফরিয়াদ

এমপিওভুক্ত বেসরকারি শিক্ষকদের ফেব্রুয়ারি মাসের বেতন নতুন জাতীয় পে-স্কেলে পাওয়ার কথা ছিল। কিন্তু পুরাতন স্কেলেই ফেব্রুয়ারি মাসের বেতন ছাড় হলো। অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, এ ব্যাপারে সরকারের কোনো মাথাব্যথা নেই। বিষয়টি শিক্ষক মহলে অনেক চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। নতুন বেতনস্কেলে বেসরকারি শিক্ষকদের বেতন পাবার বিষয়ে পত্র-পত্রিকায় ফলাও করে ছাপা হয়েছিল। পরিশেষে, এমপিওভুক্ত শিক্ষকগণ যাতে অষ্টম জাতীয় পে-স্কেল অনুযায়ী বেতন পেতে পারেন, সেজন্য আশু প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে বিনীত আবেদন জানাচ্ছি।

এস এম গোলাম মোস্তফা,
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম